



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2022

গভর্নর ক্যাথি হোকল

মহামারী চলাকালীন সময়ে নিউ ইয়র্ক সিটির সাবওয়েতে যাত্রী সংখ্যার নতুন রেকর্ড তৈরি হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

*সাবওয়ে 3.497 মিলিয়ন যাত্রী বহন করেছে - যা মহামারী শুরু হওয়ার পর থেকে মোট সর্বোচ্চ পরিমাণ*

*রেকর্ডটি এর আগে 9 ডিসেম্বর, 2021 তারিখে মহামারী চলাকালীন সময়ে তৈরি হওয়া 3.421 মিলিয়ন যাত্রীর রেকর্ড ভেঙ্গে দিয়েছে, এবং 13 মার্চ, 2020 তারিখে মহামারী শুরুর আগের সময়ের 3.491 মিলিয়ন যাত্রীর রেকর্ড ছাড়িয়ে গেছে*

গভর্নর হোকল আজ ঘোষণা করেছেন যে বৃহস্পতিবার, 5 মে, নিউ ইয়র্ক সিটি সাবওয়ে 3,497,122 জন যাত্রী বহন করার মধ্য দিয়ে মহামারী চলাকালীন সময়ে এক দিনের যাত্রী সংখ্যার ক্ষেত্রে একটি নতুন রেকর্ড তৈরি করেছে। মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority) তথ্যমতে, এই রেকর্ড মহামারী চলাকালীন সময়ে এর আগে 9 ডিসেম্বর 2021 তারিখে 3.42 মিলিয়ন যাত্রী বহন করার রেকর্ড ভেঙ্গে দিয়েছে এবং মহামারী শুরু হওয়ার আগের সময়ে 13 মার্চ 2020 তারিখে 3.491 মিলিয়ন যাত্রী বহনের রেকর্ডকে ছাড়িয়ে গেছে।

"মহামারী কাটিয়ে আমাদের ফিরে আসা অব্যাহত রাখার এবং আমাদের সাবওয়েগুলোকে আরো বেশি নিরাপদ করে তোলার ব্যাপারে অধিক মনোযোগী থাকার এই সময়ে, আমরা সাবওয়ের যাত্রী বহনের প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠছি," বলেছেন গভর্নর হোকল। "সাবওয়ে নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তি এবং এই নতুন মাইলফলক একটি শক্তিশালী বার্তা জানান দিচ্ছে যে নিউ ইয়র্ক আগের চেয়ে আরো ভালোভাবে ফিরে এসেছে।"

যাত্রীদেরকে ভ্রমণ করতে উৎসাহিত করতে MTA ভাড়া সীমিত রাখার একটি নতুন পাইলট কর্মসূচি বাস্তবায়ন করেছে যা ভাড়া আরো সাশ্রয়ী ও নমনীয় করেছে। OMNY সংস্পর্শবিহীন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে সাপ্তাহিক ভাড়ার সীমার ক্ষেত্রে একটি "লাকি 13" ফিচার রয়েছে, যেখানে প্রতি সপ্তাহের 13তম রাইড থেকে শুরু করে সপ্তাহের বাকি সময়ে সাবওয়ে বা বাসে অতিরিক্ত প্রতিটি রাইড বিনামূল্যে পাওয়া যাবে।

সেইসাথে, এই সিস্টেম গ্রাহকদের জন্য যথাসম্ভব নিরাপদ থাকার বিষয়টি নিশ্চিত করতে MTA এটির নজিরবিহীন পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ নীতি অব্যাহত রেখেছে।

**MTA-এর সভাপতি ও CEO জ্যানো লিয়েবের বলেন,** "নিউ ইয়র্কবাসীরা এই সিস্টেমে ফিরে আসছেন কারণ সিটির মধ্যে চলাচলের জন্য গণ পরিবহনই সেরা উপায় এবং আমাদের OMNY ভাড়া সীমিত রাখার অপশনের সাথে এই সিস্টেম ব্যবহার করা এখন আগের যেকোনো সময়ের চেয়ে সহজ। গভর্নর, মেয়র ও NYPD-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে আমরা নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলো মোকাবেলা করছি এবং যাত্রীরা সাড়া দিতে শুরু করেছেন।"

**নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের প্রেসিডেন্ট রিচার্ড ড্যাভি বলেন,** "নিউ ইয়র্ক সিটি ট্রানজিট পরিষেবা উন্নত করতে, সিস্টেম আপগ্রেড করতে, এবং যাত্রীদের গণ পরিবহনে ফিরে আসতে উৎসাহিত করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ফিরে আসা যাত্রীদের জন্য ট্রেন অপারেটর নিয়োগ দেওয়া এবং ট্রানজিট সিস্টেম শক্তিশালী করা অব্যাহত রাখার এই সময়ে আমরা প্রধানত সর্বোত্তম পরিষেবা প্রদান, ট্রেনের সংখ্যা বৃদ্ধি, এবং সময়মত চলাচল বজায় রাখার প্রতি মনোযোগ দিচ্ছি। নিউ ইয়র্কবাসীরা গণ পরিবহন ব্যবস্থায় ফিরে আসছেন কারণ তারা জানেন সিটির মধ্যে চলাচলের জন্য এটি সবচেয়ে কার্যকর, পরিবেশ বান্ধব, ও ব্যয়-সাশ্রয়ী উপায়।"

**MTA-এর চিফ কাস্টমার অফিসার সারা মায়ের বলেন,** "যাত্রীদের ক্রমশ বৃদ্ধি পাওয়া থেকে দেখা যায় যে নিউ ইয়র্কবাসীরা আমাদের সিটির মহামারী পরবর্তী একটি ভবিষ্যতের জন্য প্রস্তুত এবং এর অর্থ হচ্ছে গণ পরিবহন ব্যবস্থায় ফিরে আসা। আমরা আমাদের গ্রাহকদের উদ্বেগের বিষয়গুলো মোকাবেলা করার মাধ্যমে গ্রাহকদের মতামত শোনা, পরিষেবা উন্নত করা, এবং গন্তব্যস্থলে সাবলীলভাবে যাতায়াতের জন্য যাত্রীদেরকে তাদের ফোন বা পেমেন্ট কার্ড ট্যাপ করতে উৎসাহিত করা অব্যাহত রেখেছি।"

মহামারীর আগে, গড় সপ্তাহের কাজের দিনের চলাচলের সংখ্যা নিয়মিতভাবে 5.5 মিলিয়ন অতিক্রম করেছে সাবওয়ে সিস্টেমে। নিউ ইয়র্ক সিটি এলাকায় কোভিড-19 কেসের সংখ্যা তুঙ্গে থাকায় 2020 সালের এপ্রিল মাসে এই সংখ্যা 95 শতাংশ কমে প্রায় 300,000 দৈনিক যাত্রায় নেমে এসেছে। MTA-এর কর্মচারীরা নিউ ইয়র্ক সিটির ইতিহাসে সবচেয়ে কঠিন দিনগুলোতে সামনের সারিতে কাজ করা স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং অন্যান্য অপরিহার্য কর্মীদের কর্মস্থলে যাওয়ার প্রয়োজন মেটানোর জন্য সেবা প্রদান করা অব্যাহত রেখেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418